কালের কণ্ঠ

তারিখ ..12 JUN 2016.....
পৃষ্ঠা ...৩... কলাম...২.......

# কারিগরি ডিপ্লোমায় ভর্তি আবেদনের সময় বাড়ল

নিজস্ব প্রতিবেদক ▷

কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন পলিটেকনিক -ইনস্টিটিউটসহ বিভিন্ন প্রতিষ্ঠানে চার বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিংয়ে অনলাইনে ভর্তি আবেদনের সময় বেড়েছে। ১২ জুন পর্যন্ত এই আবেদনের শেষ সময় থাকলেও তা ২০ জুন পর্যন্ত বাড়ানো হয়েছে। সরকারি পলিটেকনিকে গত ৩০ মে থেকে শুরু হওয়া এই আবেদনে গতকাল শনিবার দুপুর পর্যন্ত প্রায় এক লাখ আবেদন পড়েছে বলে কারিগরি শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (কারিগরি) সুবোধ চন্দ্র ঢালী কালের কণ্ঠকে বলেন, 'রমজানে স্কুল-কলেজ বন্ধ থাকাসহ সার্বিক বিবেচনায় সময় বাড়ানো হয়েছে। এবার সরকারি পলিটেকনিকে আসনসংখ্যা প্রায় দ্বিগুণ হয়েছে। এখন পর্যন্ত লক্ষাধিক আবেদন জমা পড়েছে। আশা করছি সময় বাড়ানোর ফলে অধিকসংখ্যক শিক্ষার্থী আবেদনের সুযোগ পাবে।'

পরিবর্তী সময়সীমা অনুযায়ী ভর্তির ফল প্রকাশ করা হবে ২৬ জুন। মূল মেধা তালিকা থেকে ভর্তির সময়সীমা ২৭ জুন হতে ৩০ জুন এবং অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির সময়সীমা ২ জুলাই হতে ২৫ জুলাই। ১৬ আগস্ট ক্লাস শুরু হবে।

জানা যায়, এবার ১১৪টি সরকারি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে ৫৭ হাজার ৭৮০ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে। আর বেসরকারি ৯৮৬টি প্রতিষ্ঠানে চার বছর মেয়াদি ডিপ্লোমা করার জন্য এক লাখ ৫৮ হাজার আসন রয়েছে।